

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৯

মে ০৫, ২০১৪  
তারিখ:-----  
বৈশাখ ২২, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

সর্বস্তরে বাংলা ভাষা প্রচলনের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের অন্তর্বর্তী আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

[সূত্রঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের  
২৩ এপ্রিল, ২০১৪ তারিখের স্মারক নং ৫৩.০০৮.০০৪.০০.০০.০১৬-২০১৪-১২৫]

বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ৩ এবং বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭ এর ৩ ধারা অনুযায়ী বাংলাদেশের সর্বত্র তথা সরকারী অফিস, আদালত, আধা সরকারী স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক বিদেশের সাথে যোগাযোগ ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে ও চিঠিপত্র, আইন আদালতের সওয়াল জবাব এবং অন্যান্য আইনানুগ কার্যাবলী বাংলায় লিখতে ও কার্যকরী ব্যবস্থা প্রবর্তনের জন্য নির্দেশনা চেয়ে দায়েরকৃত রীট পিটিশন নং-১৬৯৬/২০১৪ এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট আগামী ০১(এক) মাসের মধ্যে দেশের সর্বত্র সকল সাইনবোর্ড, বিলবোর্ড, ব্যানার, গাড়ীর নম্বর প্লেট, সকল সরকারী দপ্তরের নাম ফলক (দূতাবাস, বিদেশী সংস্থা ও তৎসংশ্লিষ্ট ক্ষেত্র ব্যতীত) ও ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়াতে ইংরেজী বিজ্ঞাপন ও মিশ্র ভাষার ব্যবহার বন্ধ করার নিমিত্তে আশু ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের উক্ত নির্দেশনা ব্যাংকের প্রধান কার্যালয়সহ সকল শাখা কর্তৃক অনুসরণ এবং তার পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নাসিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২